ভোরের কাগজ

6 APR 2003
১ — পৃষ্ঠা — ৪

# পুলিশ ও ছাত্রদলের বাধার মধ্যে ছাত্রলীগের বিক্ষোভ মিছিল

## ইডেনে মিছিলকারীদের ওপর মরিচের গুঁড়ো ছিটিয়ে দেওয়া হয়েছে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির সদস্য শেখ সেতাউল ইসলাম ও ইডেন কলেজের সাধারণ সম্পাদক চন্দ্রা রায় চম্পার ওপর হামলাকারী ছাত্রদল ক্যাডারদের অবিলম্বে গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে গতকাল ছাত্রলীগ বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে।

ইডেন কলেজে পুলিশ ও ছাত্রদলের বাধার মধ্যে ছাত্রলীগের বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। ছাত্রলীগের মিছিলে কলেজ ছাত্রদলের ক্যাডাররা মরিচের গুঁড়া ছিটিয়েছে বলে অভিযোগ পাওয়া যায়। ঘটনার প্রতিবাদ জানিয়ে ছাত্রলীগ আগামী ৪৮ ঘণ্টার মধ্যে চম্পার ওপর হামলাকারী ছাত্রদল ক্যাডারদের ক্যাম্পাস থেকে বহিষ্কার ও দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছে। এর মধ্যে দাবি মেনে না নিলে ছাত্রলীগ আগামী মঙ্গলবার সর্বাত্মক ছাত্র ধর্মঘট পালন করবে।

পূর্ব নির্ধারিত কর্মসূচির অংশ হিসেবে ইডেন কলেজ ছাত্রলীগ গতকাল সকালে চম্পার ওপর হামলার প্রতিবাদে একটি বিক্ষোভ মিছিল নিয়ে ক্যাম্পাসে প্রবেশ করতে গেলে ছাত্রদল ও পুলিশ বাধা দেয়। ছাত্রদল আগে থেকেই ক্যাম্পাসে প্রবেশের প্রধান গেট বন্ধ করে সেখানে মারমুখী ভঙ্গিতে অবস্থান নেয়। ছাত্রলীগ নেতাকর্মীরা মিছিল নিয়ে প্রবেশ করতে গেটের সামনে জড়ো হলে ছাত্রদলের ছাত্রী ক্যাডাররা ভিতর থেকে তাদের ওপর মরিচের গুঁড়া নিক্ষেপ করতে থাকে। এ সময় পুলিশও ছাত্রলীগের মিছিলে অতর্কিত লাঠিচার্জ করে। পুলিশের

● শেষ-পৃষ্ঠা ১১ কলাম ৭



গতকাল ইডেন কলেজে ঢুকতে চাইলে ছাত্রলীগ কর্মীদের বাধা দেয় পুলিশ (বাঁয়ে), তালা ভেঙে কলেজে ঢোকার চেষ্টা ছাত্রলীগ কর্মীদের (মাঝে), ডানে লাঠি হাতে ছাত্রলীগ কর্মীদের প্রতিহত করে ছাত্রদল কর্মীরা

-ভোরের কাগজ

## পুলিশ ও ছাত্রদলের বাধার মধ্যে

● শেষের পাতার পর

লাঠিচার্জে ইডেন কলেজ ছাত্রলীগ নেত্রী নিঝুম, সূচনা ও অনুপম আহত হয়। পরে কলেজ গেটের বাইরে ছাত্রলীগ এক সমাবেশ করে। কলেজ ছাত্রলীগের সভাপতি জেসমিন পারভীন রিমির সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রলীগের সহসভাপতি মারুফা আক্তার পপি, শেফালী আক্তার, ইসাহাক মিয়া, এস আর পলাশ প্রমুখ।

অপরদিকে গতকাল দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ রেজার ওপর হামলাকারী ছাত্রদলের ক্যাডারদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। মিছিল শেষে কলা ভবনের প্রধান ফটকে অনুষ্ঠিত সমাবেশে ছাত্রলীগ নেতৃবৃন্দ বলেন, রেজার ওপর হামলার ২দিন অতিবাহিত হলেও বিশ্ববিদ্যালয় প্রশাসন হামলাকারীদের শনাক্ত করে শাস্তি দেওয়ার ব্যাপারে রহস্যজনক ভূমিকা পালন করছে। নেতৃবৃন্দ বলেন, অবিলম্বে হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া না হলে বিশ্ববিদ্যালয়ে কোনো অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি হলে তার দায়-দায়িত্ব বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বহন করতে হবে।

ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি দেলোয়ার হোসেনের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক হেমায়েত উদ্দিন হিমু।

এদিকে ছাত্রলীগ সভাপতি লিয়াকত সিকদার ও সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবু এক যুক্ত বিবৃতিতে জগন্নাথ হলের সাধারণ ছাত্র রতন কুমার ঘোষকে ছাত্রদল জগন্নাথ হল শাখার সাধারণ সম্পাদক গৌরাঙ্গ সাহার নেতৃত্বে মারধর করে চাঁদা দাবি করার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। বিবৃতিতে নেতৃদ্বয় অবিলম্বে ছাত্রদলের ক্যাডারদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।